অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/16/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রকল্পের সফল সমাপ্তি উদযাপন করেন

এই লাইনটি নির্গমন-মুক্ত জলবিদ্যুৎ দিয়ে নিউ ইয়র্ক সিটির জ্বালানি চাহিদার 20 শতাংশ পর্যন্ত পূরণ করবে এবং জলবায়ু পরিবর্তনের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে উপকৃত করবে

গত 50 বছরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের অন্যতম বৃহৎ বিদ্যুৎ সঞ্চালন প্রকল্প

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে 339-মাইল দীর্ঘ চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) যা গত 50 বছরে নিউ ইয়র্ক (New York)-এর অন্যতম বৃহত্তম বিদ্যুৎ পরিবহন অবকাঠামো প্রকল্প, এখন সরাসরি কানাডা থেকে নিউ ইয়র্ক সিটিতে নির্ভরযোগ্য ও পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহ করতে প্রস্তুত। CHPE থেকে নিউ ইয়র্ক মেট্রো এলাকায় প্রতি বছর 10.4 টেরাওয়াট-আওয়ার পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহ করা হবে বলে আশা করা হচ্ছে — যা সিটির মোট চাহিদার 20% পর্যন্ত পূরণ করবে — এবং 2040 সালের মধ্যে কার্বন নির্গমন 37 মিলিয়ন মেট্রিক টন হ্রাস করবে। ক্ষতিকারক নির্গমন এবং স্থানীয় বায়ু দূষণকারী উপাদানগুলো কমিয়ে এটি নিউ ইয়র্ক সিটিতে, বিশেষ করে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে জনস্বাস্থ্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য সুবিধা প্রদান করবে।

"গভর্নর হিসেবে আমি যে প্রথম প্রকল্পগুলোর পক্ষে জোরালো সমর্থন দিয়েছিলাম, চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইন তার মধ্যে অন্যতম, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বজায় রাখতে, একটি পরিবেশবান্ধব ভবিষ্যৎ গড়ে তুলতে এবং খরচ নিয়ন্ত্রণে রাখার ক্ষেত্রে এটি একটি যুগান্তকারী পদক্ষেপ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এর নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার মাধ্যমে, প্রয়োজনীয় পরিবেশবান্ধব জ্বালানি দিয়ে আমরা নিউ ইয়র্ক সিটির 1 মিলিয়ন বাড়িতে বিদ্যুত সরবরাহ করছি যা আগামী প্রজন্মগুলোর পর প্রজন্ম ধরে কমিউনিটিগুলোকে সেবা দেবে। এই প্রকল্পটি এর আরো একটি বড় প্রমাণ যে, ফেডারেল সরকারের কাছ থেকে অভূতপূর্ব প্রতিকূলতার মুখোমুখি হওয়া সত্ত্বেও, নিউ ইয়র্ক ভবিষ্যতেও জলবায়ু এবং পরিবেশবান্ধব জ্বালানির ক্ষেত্রে দেশের শীর্ষস্থানে বজায় থাকবে।"

নিউ ইয়র্কবাসীদের বিদ্যুৎ সরবরাহ সচল রাখতে এবং খরচ কমিয়ে আনতে গভর্নরের সর্বাত্মক জ্বালানি পদ্ধতির একটি অংশ হলো এই CHPE ট্রান্সমিশন লাইন যা ইন্ডিয়ান পয়েন্ট নিউক্লিয়ার

প্লান্টটি বন্ধ হয়ে যাওয়ার ফলে সৃষ্ট বিদ্যুতের ঘাটতি পূরণে সহায়তা করবে।-ইন্ডিয়ান পয়েন্ট বন্ধ হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক সিটিকে আরো বেশি গ্যাসচালিত বিদ্যুৎ কেন্দ্রের ওপর নির্ভর করতে হচ্ছে, যার ফলে ডাউনস্টেটে কার্বন নির্গমনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।
নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) দ্বারা চুক্তিবদ্ধ এবং হাইড্রো-কুইবেক (Hydro-Québec)-এর অংশীদারিত্বে ট্রান্সমিশন ডেভেলপারস ইনক দ্বারা বাস্তবায়িত এই CHPE প্রকল্পটি তার 25-বছরের চুক্তি মেয়াদে 3.4 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক বিনিয়োগের ব্যবস্থা করবে বলে আশা করা হচ্ছে এবং ইতোমধ্যে এটি স্টেটব্যাপী 1,400-এরও বেশি পরিবারের জীবিকা নির্বাহকারী নির্মাণ ও পরিচালনামূলক কর্মসংস্থান সৃষ্টি করেছে। এর পাশাপাশি, CHPE-এর 40 মিলিয়ন মার্কিন ডলারের গ্রিন ইকোনমি ফান্ড (Green Economy Fund) ইতোমধ্যে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী, কর্মীবাহিনীর দক্ষতা উন্নয়ন এবং কর্মসংস্থানের পুনঃপ্রশিক্ষণের ওপর কাজ করা বিভিন্ন সংস্থাকে 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিয়েছে, যার উদ্দেশ্য হলো পরিবেশবান্ধব জ্বালানি সংশ্লিষ্ট অর্থনীতিতে মানুষের অংশগ্রহণকে সহজতর করা।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harri (ডোরিন এম. হ্যারিস) বলেন, "দেশের বৃহত্তম নগরীতে বিপুল পরিমাণ রূপান্তরকারী পরিবেশবান্ধব জ্বালানি নিয়ে আসার মাধ্যমে আজ আমরা নিউ ইয়র্কের জ্বালানির ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করছি। এই প্রকল্পটি কেবল বৈচিত্র্যময় জ্বালানি উৎসের প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অঙ্গীকারের সুফলগুলোই প্রদর্শন করে না, বরং এটি আমাদের বিদ্যুৎ গ্রিডের নির্ভরযোগ্যতাও বৃদ্ধি করে, এটি এক মিলিয়নেরও বেশি পরিবারকে বিদ্যুৎ সরবরাহের পাশাপাশি আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোতে দূষণ হ্রাস এবং বাতাসের গুণগতমান উন্নত করতে ভূমিকা রাখবে।"

NYSERDA কর্তৃক পরিচালিত টিয়ার 4 আবেদনের অংশ হিসেবে 2021 সালের সেপ্টেম্বরে নির্বাচিত হওয়ার পর, 2022 সালে CHPE-এর নির্মাণ কাজ শুরু হয়। 1,250-মেগাওয়াটের এই হাই ভোল্টেজ ডিরেক্ট কারেন্ট (High Voltage Direct Current, HVDC) বিদ্যুৎ সঞ্চালন লাইনটি কুইবেকের মন্ট্রিল থেকে কুইন্সের অ্যাস্টোরিয়া এনার্জি কমপ্লেক্স পর্যন্ত বিস্তৃত এবং এটি নব-সম্প্রসারিত নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি অ্যাস্টোরিয়া অ্যানেক্স সাবস্টেশনের গ্রিডের সাথে যুক্ত। এছাড়াও, NYPA প্রায় চার-মাইল দীর্ঘ একটি নতুন ভূগর্ভস্থ বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণে TDI-কে সহায়তা করেছে, যার নাম অ্যাস্টোরিয়া রেইনি ক্যাবল (Astoria Rainey Cable, ARC) যা অ্যাস্টোরিয়া অ্যানেক্সকে কন এডিসনের রেইনি সাবস্টেশনের সাথে যুক্ত করে।

CHPE প্রকল্পটি অনেকগুলো স্থানীয় মিউনিসিপ্যালিটি ও কাউন্টিতে বিস্তৃত এবং এই প্রকল্পে একাধিক প্রজেক্ট লেবার এগ্রিমেন্ট বাস্তবায়িত হয়েছে যা সব মিলিয়ে তিন মিলিয়ন ঘণ্টারও বেশি ইউনিয়ন শ্রম ঘণ্টা নিশ্চিত করেছে। এটি উত্তর আমেরিকার দীর্ঘতম সম্পূর্ণরূপে ভূগর্ভস্থ বিদ্যুৎ সঞ্চালন লাইন, দীর্ঘমেয়াদী নির্ভরযোগ্যতা বৃদ্ধি এবং পরিবেশ ও কমিউনিটির ওপর প্রভাব সর্বনিম্ন রাখার জন্য এটিকে কৌশলগতভাবে ভূগর্ভস্থ এবং পানির নিচে স্থাপন করা হয়েছে।

CHPE হলো নিউ ইয়র্কের বৈচিত্র্যময় রিসোর্স ও সরবরাহ কাঠামোর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ যা উচ্চ-চাহিদাসম্পন্ন অঞ্চলে পরিবেশবান্ধব ও নির্ভরযোগ্য জলবিদ্যুৎ এবং নবায়নযোগ্য

শক্তি সরবরাহের মাধ্যমে স্টেটের জ্বালানি বিষয়ক পরিকল্পনাকে সহায়তা করে যা গ্রিডের ওপর চাপ কমাতে, সিস্টেমের নমনীয়তা বাড়াতে এবং অধিক ব্যয়বহুল গ্যাস-চালিত বিদ্যুৎ উৎপাদনের ওপর নির্ভরতা কমাতে সাহায্য করে। স্টেটের জ্বালানি বিষয়ক পরিকল্পনায় বিদ্যুৎ পরিবহন লাইনকে একটি অপরিহার্য অবকাঠামো হিসেবে তুলে ধরা হয়েছে যা বড় পরিসরে নতুন পরিবেশবান্ধব বিদ্যুৎকে যুক্ত করতে এবং ভবিষ্যতের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা দক্ষতার সাথে পরিচালনা করতে অত্যন্ত জরুরি।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এবং CEO Rory M. Christian (রেরি এম. ক্রিশ্চিয়ান) বলেন, "চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন লাইনের কাজ সম্পন্ন হওয়া নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনে বাস্তব প্রভাব ফেলে এমন সব সমাধানের প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অঙ্গীকারেরই প্রমাণ। ভোক্তারা এখন কম জ্বালানি খরচ অনুভব করবেন, সেই সাথে বায়ু দূষণকারী, উচ্চ-নির্গমনকারী এবং অধিক ব্যয়বহুল বিদ্যুৎ উৎপাদন উৎসের ওপর নির্ভরতা কমে আসায় মানুষের স্বাস্থ্যগত অবস্থার উন্নতি হবে এবং নিউ ইয়র্ক সিটি এলাকার বিদ্যুৎ পরিষেবার নির্ভরযোগ্যতা আরো বৃদ্ধি পাবে। সচল হওয়া CHPE লাইন থেকে নিউ ইয়র্ক সিটিতে এখন যে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে, তা ভোক্তাদের জন্য একটি বড় অর্জন, বিশেষ করে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে বসবাসকারী মানুষের জন্য।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (মেরি থেরেসি ডোমিঙ্গুয়েজ) বলেন, "পরিবেশবান্ধব এবং নির্ভরযোগ্য জ্বালানির উৎস নিশ্চিত করার গুরুত্ব বুঝতে হলে সাম্প্রতিক খবরের শিরোনামগুলো পড়াই যথেষ্ট; আর গভর্নর Hochul (হোকল)-এর দূরদর্শিতা ও দৃঢ় সংকল্পের কারণে নিউ ইয়র্ক আজ সেই পথেই এগোচ্ছে। চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস বাস্তবায়নে আমাদের স্টেটের অংশীদারদের সাথে কাজ করতে পেরে DOT গর্বিত — যা আমাদের ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে নিউ ইয়র্কের জ্বালানি চাহিদা পূরণে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রকল্পটি নিউ ইয়র্ক সিটির গ্রিডের নির্ভরযোগ্যতা বাড়াতে এবং ক্ষতিকারক নির্গমন হ্রাস করে জনস্বাস্থ্যের উন্নতি করতে পরিবেশবান্ধব, নবায়নযোগ্য শক্তি নিয়ে আসছে, বিশেষ করে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোতে। গভর্নর Hochul (হোকল)-এর ঐতিহাসিক জ্বালানি সাশ্রয় ও নির্ভরযোগ্যতা সংশ্লিষ্ট বিনিয়োগের ঐতিহ্যের সাথে যুক্ত হয়ে এই মাইলফলকটি পরিবেশবান্ধব ও নির্ভরযোগ্য জ্বালানি নিশ্চিত করতে, ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করতে এবং জলবায়ু সমতাকে অগ্রাধিকার দিতে সাহায্য করছে যা সব নিউ ইয়র্কবাসীর উপকারে আসবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবারের কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ার্ডন) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক ভবিষ্যতের চালিকাশক্তি হিসেবে নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের পরিবেশবান্ধব জ্বালানির প্রচুর সরবরাহ অপরিহার্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার (The New York State Department of Labor), গভর্নর Hochul (হোকল) এবং আমাদের সহযোগী সংস্থাগুলোর সাথে মিলে নিউ ইয়র্কবাসীদের পরিবেশবান্ধব জ্বালানি খাতের লাভজনক ও উচ্চ-চাহিদাসম্পন্ন পেশাগুলোর সাথে যুক্ত করার প্রচেষ্টা অব্যাহত

রাখতে পেরে গর্বিত এবং এটি একটি দক্ষ জনবল তৈরি করছে যা একটি পরিবেশবান্ধব জ্বালানি গ্রিড ও অর্থনীতির দিকে আমাদের অগ্রগতিকে ত্বরান্বিত করার ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয়।"

নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই. ড্রিসকল) বলেন, "সময়মতো এই অত্যন্ত গুরুত্বপূর্ণ অবকাঠামোটি প্রস্তুত এবং চালু করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং পুরো CHPE টিমকে আমাদের অভিনন্দন। CHPE ইতোমধ্যেই নিউ ইয়র্ক সিটির বিদ্যুৎ ব্যবস্থার জন্য একটি নির্ভরযোগ্য লাইফলাইন হিসেবে কাজ করছে যা নিউ ইয়র্কবাসীদের জন্য বর্তমানে এমন অর্থনৈতিক ও সামাজিক সুবিধা প্রদান করছে যা আগামী কয়েক দশক ধরে অব্যাহত থাকবে। TDI, NYSERDA এবং ConEd অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেসকে নিউ ইয়র্ক সিটির গ্রিডের সাথে যুক্ত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পেরে আমরা NYPA-এর পক্ষ থেকে গর্বিত।"

নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট Walter Mosley (ওয়াল্টার মোসলি) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি নীতির ভবিষ্যতের পাশাপাশি নিউ ইয়র্ক সিটির অসংখ্য ভোক্তার জন্য এটি একটি যুগান্তকারী মুহূর্ত, যারা এখন থেকে পরিবেশবান্ধব, নির্ভরযোগ্য এবং স্থিতিস্থাপক জ্বালানির সুবিধা পাবেন। কানাডিয়ান জলবিদ্যুৎ এবং নিউ ইয়র্ক সিটির মধ্যে একটি সংযোগ পথ তৈরি করার এই উদ্ভাবনী ধারণাটি ট্রান্সমিশন ডেভেলপারস, ইনক. এবং একাধিক স্টেটীয় সংস্থার কঠোর পরিশ্রমের মাধ্যমে বাস্তবে রূপ নিয়েছে। ডিপার্টমেন্ট অব স্টেট এই সাহসী দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপ দিতে এবং গভর্নরের বাস্তবসম্মত ও কার্যকর স্টেটের জ্বালানি বিষয়ক পরিকল্পনাকে সমর্থন করতে ভূমিকা রাখতে পেরে অত্যন্ত উচ্ছ্বসিত। এই মাইলফলকটি এই দৃষ্টান্তই প্রমাণ যে, যখন সরকারি ও বেসরকারি খাত একটি পরিবেশবান্ধব ও নির্ভরযোগ্য জ্বালানি অর্থনীতির লক্ষ্যে একসাথে কাজ করে, তখন দারুণ কিছু অর্জন করা সম্ভব।"

স্টেট সিনেটর Toby Ann Stavitsky (টোবি অ্যান স্ট্যাভিটস্কি) বলেন, "পরিবেশবান্ধব জলবিদ্যুৎ চালু হওয়ার ফলে, নিউ ইয়র্ক এখন আমাদের কমিউনিটিগুলোতে কেন্দ্রীভূত থাকা জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমাতে পারবে। এর মানে হলো কুইন্সের পরিবারগুলোর জন্য আরো স্বাস্থ্যকর বাতাস এবং পুরো সিটির জন্য আরো শক্তিশালী বিদ্যুৎ গ্রিড। এটি বাস্তবায়নের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি মেম্বার Didi Barrett (দিদি ব্যারেট) বলেন, "আমি চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস প্রজেক্টটি চালু হতে দেখে উচ্ছ্বসিত যা নিউ ইয়র্ক সিটির জ্বালানি চাহিদার 20 শতাংশ পরিবেশবান্ধব ও নির্ভরযোগ্য জলবিদ্যুৎ দিয়ে পূরণ করবে। এই প্রকল্পটি নির্গমন হ্রাস করতে এবং নিউ ইয়র্ক সিটির কমতে থাকা বিদ্যুৎ নির্ভরযোগ্যতার ঘাটতি পূরণে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

অ্যাসেম্বলি মেম্বার Deborah Glick (ডেবোরা গ্লিক) বলেন, "যেহেতু নিউ ইয়র্ক জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমিয়ে একটি পরিবেশবান্ধব জ্বালানির ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে, তাই CHPE-এর মতো প্রকল্পগুলো একটি অপরিহার্য ভূমিকা পালন করছে। ডাউনস্টেট অঞ্চলে বিপুল পরিমাণ পরিবেশবান্ধব বিদ্যুৎ সরবরাহ করা হলে তা কার্বন নিঃসরণ কমাতে সাহায্য

করবে এবং বৈদ্যুতিক গ্রিডের জন্য নির্ভরযোগ্য বিদ্যুতের একটি গুরুত্বপূর্ণ নতুন উৎস তৈরি করবে। আমি অত্যন্ত আনন্দিত যে, এই প্রকল্পের মাধ্যমে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) নবায়নযোগ্য জ্বালানির গুরুত্ব এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সঞ্চালন সক্ষমতা সম্প্রসারণে তার প্রতিশ্রুতি তুলে ধরেছেন।"

মেয়র Zohran Mamdani (জোহরান মামদানি) বলেন, "চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস আমাদের দেখায় যে, আমরা যখন বড় ধরনের সরকারি বিনিয়োগ করি এবং তা সফলভাবে সম্পন্ন করি, তখন কত কিছু অর্জন করা সম্ভব। নিউ ইয়র্কবাসী এমন একটি ভবিষ্যৎ পাওয়ার যোগ্য যা পরিবেশবান্ধব, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের জ্বালানি দ্বারা চালিত হবে; এই প্রকল্পটি সেই ভবিষ্যৎকে আমাদের হাতের নাগালে নিয়ে এসেছে," মেয়র Mamdani (মামদানি) বলেন। "এটি দীর্ঘস্থায়ী প্রচেষ্টা, অংশীদারিত্ব এবং জনগণের প্রতি অঙ্গীকারের ফল এবং নিউ ইয়র্ক সিটি এর একটি অংশীদার হতে পেরে গর্বিত। বিশ্বের সবচেয়ে ধনী দেশের সবচেয়ে ধনী সিটিতে, সকল নিউ ইয়র্কবাসীর পরিবেশবান্ধব এবং সাশ্রয়ী মূল্যের জ্বালানি পাওয়ার অধিকার রয়েছে।"

ব্ল্যাকস্টোনের প্রেসিডেন্ট এবং COO John Gray (জন গ্রে) বলেন, "এটি একটি রূপান্তরমূলক প্রকল্প — যা কুইবেক থেকে কুইন্সে অত্যাবশ্যকীয় জ্বালানি নিয়ে আসবে – এটি নির্গমন কমাতে এবং নিউ ইয়র্ক সিটির বিদ্যুতের চাহিদার প্রায় এক-পঞ্চমাংশ মেটাতে সাহায্য করবে। আজকের দিনটি একটি 16-বছরের দীর্ঘ যাত্রার চূড়ান্ত সাফল্যের প্রতীক এবং আমরা অত্যন্ত গর্বিত যে ব্ল্যাকস্টোন (Blackstone)-এর দীর্ঘমেয়াদি পুঁজি এটিকে বাস্তবে রূপ দিতে সাহায্য করেছে। নিউ ইয়র্ক সিটির জন্য আরো পরিবেশবান্ধব জ্বালানি সরবরাহের ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল), TDI, হাইড্রো-কুইবেক (Hydro-Québec), ফেডারেল সরকার, সিটি অব নিউ ইয়র্ক এবং আমাদের অন্যান্য বহু অংশীদারদের সহযোগিতার জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

TDI-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান Brian Kubeck (ব্রায়ান কুবেক) বলেন, "CHPE প্রকল্পটি গড়ে তুলতে পনেরো বছরেরও বেশি সময় লেগেছে এবং নিউ ইয়র্ক সিটির জ্বালানি ব্যবস্থায় আমূল পরিবর্তন আনতে এবং সিটির বৈদ্যুতিক গ্রিডের নির্ভরযোগ্যতা শক্তিশালী করার এই যুগান্তকারী অর্জন সেইসব ব্যক্তির, যারা এই প্রকল্পটিকে প্রাথমিক ধারণা থেকে বাস্তবে রূপান্তর করতে সাহায্য করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর দূরদর্শী নেতৃত্ব, নিউ ইয়র্কের পরিবেশবান্ধব জ্বালানি ব্যবস্থার আধুনিকায়নে NYSERDA-এর প্রতিশ্রুতি, ব্ল্যাকস্টোন ও হাইড্রো-কুইবেক-এ থাকা আমাদের দীর্ঘমেয়াদি অংশীদারবৃন্দ, আমাদের নির্মাণ ও বণ্টন অংশীদারবৃন্দ এবং TDI-তে থাকা আমাদের নিবেদিতপ্রাণ দলটিকে ধন্যবাদ; আমরা নিউ ইয়র্কের গ্রিডের জন্য পরিবেশবান্ধব ও নির্ভরযোগ্য জলবিদ্যুতের সংযোজন উদযাপন করছি যা মিলিয়নেরও বেশি বাড়িঘরে বিদ্যুৎ সরবরাহের জন্য প্রস্তুত। এই প্রকল্পটি প্রমাণ করে যে, যখন নিবেদিত বেসরকারী বিনিয়োগ সরকারের বিচক্ষণ ও কৌশলগত নীতিগুলোকে সমর্থন করতে পারে, তখন কী ধরনের সাফল্য অর্জন করা সম্ভব এবং আমরা আশা করি যে, CHPE-এর এই সাফল্য ভবিষ্যতে কিভাবে বড় বড় অবকাঠামো প্রকল্পগুলো সফল হতে পারে, তার একটি আদর্শ উদাহরণ হিসেবে কাজ করবে।"

হাইড্রো-কুইবেক-এর প্রেসিডেন্ট এবং চিফ এক্সিকিউটিভ অফিসার Claudine Bouchard (ক্লোডিন বুশার্ড) বলেন, "CHPE দেখায় যে কিভাবে দীর্ঘস্থায়ী সহযোগিতা এবং যৌথ অংশীদারিত্বের মাধ্যমে জটিল অবকাঠামো গড়ে তোলা সম্ভব। আরো গুরুত্বপূর্ণ বিষয় হলো, এটি সিস্টেমের নির্ভরযোগ্যতা এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধিতে আন্তঃসংযুক্ত গ্রিডগুলোর ক্রমবর্ধমান ভূমিকার ওপর আলোকপাত করে। সীমান্ত পেরিয়ে জ্বালানি রিসোর্সকে যুক্ত করার মাধ্যমে, এই ধরনের প্রকল্পগুলো পরবর্তী প্রজন্মের জ্বালানি ব্যবস্থার ভিত্তি তৈরিতে সাহায্য করছে।"

নর্থ কান্ট্রি চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট এবং CEO Garry Douglas (গ্যারি ডগলাস) বলেন, "CHPE-এর কাজ সম্পন্ন হওয়া স্টেটের পরিবেশবান্ধব জ্বালানির চাহিদা মেটানোর ক্ষেত্রে একটি সত্যিকার অর্থে ঐতিহাসিক মাইলফলক। এবং এটি নিউ ইয়র্ক ও কুইবেকের মধ্যে আরেকটি অন্যতম প্রধান অর্থনৈতিক সংযোগ যা আমাদের যৌথ ভবিষ্যৎকে আরো সুসংহত করবে। নর্থ কান্ট্রি চেম্বার শুরু থেকেই এই দূরদর্শী প্রকল্পটির প্রতি দৃঢ় এবং সক্রিয় সমর্থন দিতে পেরে গর্বিত, পাশাপাশি আমরা এর সাথে জড়িত সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানাই। সামনে এগিয়ে যাওয়ার পথ সুগম হোক!"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডস-এর প্রেসিডেন্ট Gary LaBarbera (গ্যারি লাবারবেরা) বলেন, "চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস-এর যাত্রা শুরু হওয়া নিউ ইয়র্কের পরিবেশবান্ধব অবকাঠামো এবং আমাদের স্টেটব্যাপী অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি উল্লেখযোগ্য মাইলফলক। এই মুহূর্তটি এটিই প্রমাণ করে যে, কিভাবে পরিবেশবান্ধব জ্বালানিতে প্রকৃত বিনিয়োগের মাধ্যমে পরিবারের জীবিকা নির্বাহে সহায়ক সত্যিকারের ইউনিয়ন ক্যারিয়ার, মধ্যবিত্ত শ্রেণীতে পৌঁছানোর পথ এবং আমাদের স্থানীয় কমিউনিটি ও কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধ হওয়ার সুযোগ তৈরি করা সম্ভব। আমাদের সদস্যরা এই প্রকল্পটিকে সফলভাবে শেষ প্রান্তে পৌঁছে দিতে এবং নিউ ইয়র্ককে তার জ্বালানি লক্ষ্যমাত্রা বজায় রাখতে সাহায্য করার ক্ষেত্রে ভূমিকা রাখতে পেরে গর্বিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন